মুজিবনগরের মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান গ্রেফতার

মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান মফিজকে আটক করেছে র্যাব।

গতকাল রবিবার দিবাগত রাত ২ টার সময় র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুরের বৈষম্য বিরোধী ছাত্র জনতার আন্দোলনে সন্ত্রাস সৃষ্টি কারী মুজিবনগর উপজেলা আওয়ামীলীগ নেতা সন্ত্রাস দমন আইনে দুই মামলার এজাহারনামীয় আসামী মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমানকে চুয়াডাঙ্গা থেকে গ্রেফতার করা হয়েছে।

র্যাব-১২ সিপিসি ৩ এর দেওয়া তথ্যে মতে গোপন সাংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানার মামলা নং-২০,-সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী) ২০১২ এবং মেহেরপুর সদর থানার মামলা নং-০৬, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী) ২০১২ এর মামলাদ্বয়ের এজাহারনামীয় আসামী চুয়াডাঙ্গা জেলার সদর থানাধীন পৌরসভার অন্তর্গত হাসপাতালপাড়া এলাকায় অবস্থান করছে।

এমন তথ্যের ভিত্তিতে রাত ২ টার সময় অতিরিক্ত পুলিশ সুপার আশরাফউল্লাহ, পিপিএম, কোম্পানী কমান্ডার ও এএসপি মোঃ এনামুল হক, স্কোয়াড কমান্ডার, র্যাব-১২, সিপিসি-৩, মেহেরপুরদ্বয়ের নেতৃত্বে একটি আভিযানিক দল উক্ত এলাকায় অভিযান পরিচালনা করে আসামী মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমানকে গ্রেফতার করতে সক্ষম হয়। গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণের নিমিত্তে মেহেরপুর জেলার সদর থানায় থানায় হস্তান্তর করা হয়েছে।